ভোরের কাগজ

তারিখ ... 05 MAR 1998 ... ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪ ......

177

# টঙ্গী কলেজে প্রতিপক্ষের গুলিতে ছাত্রলীগ কর্মী নিহত, সড়ক অবরোধ

টঙ্গী প্রতিনিধি : টঙ্গী সরকারি বিশ্ববিদ্যালয় কলেজ ক্যাম্পাসে গতকাল বুধবার প্রতিপক্ষের গুলিতে ছাত্রলীগের একজন কর্মী নিহত হয়েছে। ছাত্রলীগ অভিযোগ করেছে, জাতীয় পার্টি সমর্থিত জাতীয় ছাত্রসমাজের ক্যাডাররা তাকে হত্যা করেছে।

নিহত ছাত্রলীগ কর্মী মেহেদি হাসান (২০) কলেজের উচ্চমাধ্যমিক শ্রেণীর প্রথম বর্ষের ছাত্র। উত্তরায় সিভিল এভিয়েশন কলোনিতে সে তার ভাইয়ের বাসায় থাকতো।

সকাল ১০টার দিকে কলেজ ক্যাম্পাসে ছাত্রলীগ কর্মীদের সঙ্গে জাতীয় ছাত্রসমাজ কর্মীদের কথা কাটাকাটির এক পর্যয়ে ছাত্রসমাজের একজন বেদম প্রহৃত হয়। এ খবর অন্যদের কাছে পৌছলে ছাত্রসমাজ কর্মীরা অস্ত্রসহ কলেজ ক্যাম্পাসে ছুটে আসে। এ সময় ছাত্রলীগের কর্মীরা পালিয়ে গেলেও মেহেদি হাসান ঘটনাস্থলে থেকে যায়। এক পর্যায়ে মেহেদি হাসানকে লক্ষ্য করে গুলি ছোঁড়া হলে সে মাটিতে লুটিয়ে পড়ে। ছাত্ররা তাকে ধরাধরি করে হাসপাতালে নেওয়ার পথে সে মারা যায়।

তার মৃত্যু সংবাদ কলেজ ক্যাম্পাসে পৌছলে ছাত্ররা বিক্ষুব্ধ হয়ে উঠে। তারা ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক ১ ঘন্টা অবরোধ করে রাখে।

পরে টঙ্গী কলেজ গেইটে এক প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন গাজীপুর-২ আসনের সংসদ সদস্য আহসান উল্লা মাস্টার ও টঙ্গী পৌরসভার চেয়ারম্যান এড.আজমত উল্লা খান। বক্তারা ২৪ ঘন্টার মধ্যে খুনীদের গ্রেপ্তারের দাবি জানান।

এলাকায় থমথমে ভাব বিরাজ করছে। নিহতের লাশ নতুন বাজারে স্থানীয় আওয়ামী লীগ কার্যালয়ের সামনে জানাজা শেষে তার গ্রামের বাড়ি সিরাজগঞ্জ জেলার বেলকুচি থানায় পাঠানো হয়।